গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২১০
www.coop.gov.bd
সেবাশিল্প শাখা

মোঃ মোখলেছুর রহমান, যুগ্মনিবন্ধক(সেবা শিল্প) সমবায় অধিদপ্তর ঢাকা কর্তৃক চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলাধীন উপর রাজারামপুর কল্যাণী মহিলা সমবায় সমিতি লিঃ এর

# পরিদর্শন প্রতিবেদন।

অদ্য ২২/১২/২০২০ ইং তারিখ উপররাজারামপুর কল্যানী মহিলা সমবায় সমিতি লিঃ পরিদর্শন করা হলো। আলোচ্য সমিতির পরিদর্শনকালে যাহা পরিলক্ষিত হলো নিম্নে উহা ধারাবাহিকভাবে উল্লেখ করা গেল। পরিদর্শন কালে জনাব প্রফুল্ল কুমার প্রামানিক, জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ, জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ ও উপজেলা সমবায় কার্যালয় এর সহকারী পরিদর্শক জনাব মোঃ মাইনুল ইসলাম ও সমিতির সভাপতি ও সম্পাদক সহ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন।

## -ঃ প্রাথমিক তথ্যাদি ঃ-

০১. সমিতির নাম ঃ উপর রাজারামপুর কল্যানী মহিলা সমবায় সমিতি লিঃ ।
০২. সমিতির ঠিকানা ঃ গ্রাম- উপররাজারামপুর, ডাকঘর- উপররাজারামপুর।
উপজেলা- চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জ।
০৩. সমিতির নিবন্ধন নম্বর ও তারিখ ঃ রেজিঃ নং- ৩৬, তারিখ- ২৪/০৬/২০০৮ ইং।
০৪. সমিতির সদস্য সংখ্যা ঃ ১৩১ জন। নিবন্ধনকালীন সদস্য ৩০ জন।
০৫. ব্যবস্থাপনা কমিটির সদস্য সংখ্যাঃ ০৯ জন।
০৬. নির্বাচনী এলাকাঃ- উপর রাজারামপুর ও দূর্গাপুর গ্রামব্যাপী এবং কর্ম এলাকা ঃ- চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলা ব্যাপী।
০৭. ব্যবস্থাপনা কমিটির সদস্যগণের নাম, পদবী ও নির্বাচন ও প্রথম সভার তারিখ তারিখ ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | নির্বাচনের তারিখ | ১ম সভার তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | মোসাঃ রোকসানা বেগম | সভাপতি | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০২ | মোসাঃ মাউনজেরা | সহ-সভাপতি | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৩ | মোসাঃ সৈয়ফা | সম্পাদক | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৪ | মোসাঃ লেতুনজেরা | সদস্য | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৫ | মোসাঃ মমেনা | সদস্য | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৬ | মোসাঃ শাহনাজ পারভীন | সদস্য | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৭ | মোসাঃ মোসলেমা বেগম | সদস্য | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৮ | মোসাঃ পারভীন বেগম | সদস্য | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |
| ০৯ | মোসাঃ মহারমী বেগম | সদস্য | ১৩/০৬/২০১৮ | ১৩/০৬/২০১৮ |

০৮. সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখ ঃ ২০/১২/২০১৯ ইং।
০৯. আদায়কৃত শেয়ার মূলধন(পরিদর্শন তারিখে) ঃ ২৫,০২,৮০০/= টাকা।
১০. আদায়কৃত সঞ্চয় আমানত(পরিদর্শন তারিখে) ঃ ১,২৯,৮৩৯৫০/= টাকা।
১১. হস্তমজুদ তহবিল(পরিদর্শন তারিখে) ঃ ০০/= টাকা।

## -ঃ পরিদর্শন মন্তব্যসমূহ ঃ-

০১। সমিতি নিবন্ধন ঃ অত্র সমিতি জেলা সমাবয় অফিসার, চাঁপাই নবাবগঞ্জ কর্তৃক বিগত ২৪/০৬/২০০৮ ইং তারিখে ৩৬ নম্বরে নিবন্ধন প্রাপ্ত হয়। নিবন্ধন সংক্রান্ত কাগজ পত্র সমিতিতে সংরক্ষিত আছে দেখা গেল।

০২। সমিতির সভ্য নির্বাচনী এলাকাঃ-অত্র সমিতির সভ্য নির্বাচনী এলাকা উপররাজারামপুর ও দূর্গাপুর গ্রামের মধ্যে সীমাবদ্ধ।

০৩। **সদস্য সংখ্যা ঃ** সমিতির নিবন্ধন কালীন সদস্য সংখ্যা ৩০ জন । নিবন্ধনকালীন সময়ের পর ১০১ জন সদস্য ভর্তি হওয়ায় পরিদর্শন কালে সমিতির সদস্য সংখ্যা ১৩১ জন দেখা গেল। সদস্য রেজিষ্টার হালনাগাদ দেখা গেল।

০৪। **শেয়ার মুলধন ঃ** ৩০/০৬/২০২০ ইং পর্যন্ত শেয়ার মূলধন ২৪৮৩২০০/- টাকা ছিল। ৩০/০৬/২০২০ ইং তারিখের পর হতে পরিদর্শন কালীন সময় পর্যন্ত সমিতিতে শেয়ার মূলধনের পরিমাণ ৫৫৬০০/- টাকা ও ফেরৎ প্রদান ৩৬০০০/- টাকা।পরিদর্শন তারিখ পর্যন্ত মোট শেয়ার মুলধনের পরিমাণ ২৫০২৮০০/- টাকা । শেয়ার সমিতির নিজস্ব মূলধন। উহা ফেরত হয় না। কোন সদস্য সদস্য পদ প্রত্যাহার করলে তার শেয়ার অন্য সদস্যের নিকট বিক্রয় করে টাকা নিতে হবে, সমিতির তহবিল থেকে শেয়ার ফেরত হবে না। যতদিন না কেউ কিনবে ততদিন এ টাকা সমিতিতেই থাকবে। ভবিষ্যতে আর শেয়ার ফেরত দেয়া যাবে না।

০৫। **সঞ্চয় আমানত ঃ** ৩০/০৬/২০২০ ইং তারিখ পর্যন্ত সঞ্চয় আমানত ছিল ১২৯০২৫০৬/- টাকা উক্ত তারিখের পর পরিদর্শন কালীন সময় পর্যন্ত সঞ্চয় আমানতের পরিমাণ ৪৫১৩৫২/= টাকা ও ফেরৎ ৩৬৯৯০৮/- টাকা। পরিদর্শন তারিখ পর্যন্ত মোট সঞ্চয় আমানতের পরিমাণ ১,২৯,৮৩,৯৫০/- টাকা । সঞ্চয়ের টাকা ঋণ কার্যক্রমের পাশাপাশি লাভজনক খাতে বিনিয়োগ করতে হবে। সমিতির আর্থিক কার্যক্রম বৃদ্ধি করতে হবে।

০৬। **নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণ ঃ** সমিতির ৩০/০৬/২০২০ ইং তারিখ পর্যন্ত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমাণ ছিল ১,৬২,৮১,০৭৮/- টাকা । পরবর্তিতে নিজস্ব তহবিল হতে পরিদর্শন তারিখ পর্যন্ত ১৪০৯৭,৫০০/- টাকা ঋণ বিতরণ করেছে এবং ১২৯৮৯২৫৪/- টাকা কর্জ আদায় করেছে । পরিদর্শন তারিখ পর্যন্ত সদস্যদের নিকট পাওনা ঋণের পরিমাণ ১,৭৩,৮৯.৩২৪/- টাকা । ঋণ প্রদানে আগে ঋণ চাহিদা যাচাই করা, ঋণ গ্রহণের উদ্দেশ্য যাচাই করা, আয়-বৃদ্ধিমূলক উদ্দেশ্য হলে ঋণ প্রদানের পরও সদস্যের কার্যক্রম তদারকি করা ও অন্য কোন সহযোগিতা প্রয়োজন হলে তা প্রদান করা সমিতির দায়িত্ব।

০৭। ব্যাংক হিসাব ঃ সমিতির নামে অগ্রণী ব্যাংক লিঃ, খামার শাখায় ০২০০০০৪১৯৩৮৯৪-৩৪০২৮৩২৬ নং এ একটি সঞ্চয়ী ব্যাংক হিসাব রয়েছে। পরিদর্শন তারিখ পর্যন্ত ব্যাংক হিসাবে ৪০৬২৫৭/২৯ টাকা জমা আছে দেখা গেল। সমিতির যাবতীয় লেনদেন ব্যাংক হিসাবের মাধ্যমে করার জন্য বলা গেল।

০৮। **সভা ঃ** পরিদর্শন কালে সমিতির রেজুলেশন বহি পাওয়া গেল ও প্রতিমাসে ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। দেখা গেল। ০১/০৭/২০২০ ইং তারিখ হতে পরিদর্শন তারিখ পর্যন্ত ০৪ টি সভা হয়েছে। সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৪২(২) বিধিমতে প্রতিমাসে কমপক্ষে ১টি সভা করতে হবে। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে।

০৯। **নির্বাচন ঃ** সমিতিতে বর্তমান কমিটি ১৩/০৬/২০১৮ ইং তারিখে নির্বাচিত হয়েছে।কমিটির ১ম সভা ১৩/০৬/২০১৮ ইং তারিখে অনুষ্ঠিত হয়েছে। কমিটির মেয়াদ ১২/০৬/২০২১ ইং পর্যন্ত। কমিটির মেয়াদ পূর্তির আগে নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে নতুন কমিটি গঠন করে দায়িত্ব হস্তান্তর করতে হবে। এডহক কমিটির মাধ্যমে নির্বাচন করা হলে সমিতির মান কমে যায় এবং মূল্যায়নে অকার্যকর চিহ্নিত হয়।

১০। **বার্ষিক সাধারণ সভা ঃ** সমিতির ২০/১২/২০১৯ ইং তারিখে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। এ বছর পরিদর্শনের তারিখে সাধারণ সভা অনুষ্ঠান দেখা গেল। সাধারণ সভা সমিতির প্রাণ। এ সভার সিদ্ধান্ত মোতাবেক সমিতি পরবর্তী এক বছর পরিচালিত হবে। এ সভায় বিগত বছরের প্রকৃত আয়-ব্যয় অনুমোদন এবং আগামী বছরের বাজেট অনুমোদন গ্রহণ করতে হয়। ঋণ বিনিয়োগ ৫ লক্ষ টাকা বা তার বেশি হলে পৃথকভাবে নিবন্ধকের অনুমোদন গ্রহণ করতে হবে। সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধীত ২০০২ ও ২০১৩) এর ১৭(৩) ধারামতে অডিট সম্পাদনের ৬০ দিনের মধ্যে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সেই মোতাবেক সমিতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠানের জন্য বলা

১১। **রেকর্ডপত্রঃ-** সমিতির পরিদর্শন কালে দেখা যায় সমিতিতে ক্যাশ বহি, শেয়ার খতিয়ান, সঞ্চয় খতিয়ান, ১টি সভার মন্তব্যবহি/পরিদর্শন রেজিস্টার, ১টি সভ্য বহি, ১টি নোটিশ বহি রহিয়াছে। সমিতিতে সাধারণ খতিয়ান ব্যবহার করা হয়। জমা-খরচ বহিতে বা অন্যান্য রেজিস্টারে ফ্লুইড বা ঘষামাজা পরিহার করার জন্য ব্যবস্থাপনা কমিটিকে পরামর্শ দেয়া হলো।

১২। **প্রশিক্ষণঃ-** পরিদর্শনকালে জানা গেলা ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে প্রশিক্ষণ দেওয়া হয় নাই। তবে সমিতির অধিকাংশ সদস্যের উপস্থিতিতে ডাক্তার ও প্রাণিসম্পদ বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের দ্বারা উন্নত চিকিৎসার জন্য প্রশিক্ষণ দেয়া হয়েছে মর্মে জানা গেল। কোন সদস্য কি ধরনের প্রশিক্ষণ নিতে চায় এবং সে প্রশিক্ষণ দিয়ে কিভাবে আয় বাড়াতে চায় তার জরিপ করতে হবে। তালিকা মতে প্রশিক্ষণ চাহিদা জেলা-উপজেলা সমবায় অফিসকে জানাতে হবে। সরকারী সহায়তায় সকলকে প্রশিক্ষণ দেয়া সম্ভব না হলে সমিতির আর্থিক সহযোগিতায় স্থানীয়ভাবে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। প্রশিক্ষণ প্রদান ও ঋণ প্রদানের মাধ্যমে সকল সদস্যের আয়-বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

১৩। **মানবিক সহায়তাঃ** দেশে করোনাকালীন সময়ে সমিতির প্রায় ৬০ জন সদস্য ও এলাকার গরীব জনগোষ্ঠীকে ১,১৬,০০০/- টাকার অধিক নগদ অর্থ সাহায্য প্রদান করেছে, যা প্রকাণ্ড মানব কল্যাণ। ভবিষ্যতে নিজের স্বার্থ অক্ষুন্ন রেখে মানবিক সাহায্য অব্যাহত রাখার পরামর্শ দেয়া হলো।

১৪। **অডিট ঃ** উক্ত সমিতির অডিট জনাব মোঃ শফিকুল ইসলাম, উপজেলা সমবায় কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর ২০১৯-২০২০ ইং সনের অডিট সম্পাদন করেছেন। অডিট সংশোধনী প্রতিবেদন দাখিল করা হয় নাই । যথাসময়ে অডিট সংশোধনী প্রতিবেদন দাখিল করার পরামর্শ প্রদান করা হলো।

১৫। **সাইনবোর্ড/অফিস ঘরঃ-** পরিদর্শনকালে দেখা যায় সমিতির নিজস্ব অফিস ঘরে সাইন বোর্ড দেখা গেল। সংরক্ষিত তহবিল ও অন্যান্য তহবিল সমন্বয়ে স্থায়ী সম্পদ করা যায়। স্থায়ী সম্পদ সমিতির জীবন। কোন সমিতির স্থায়ী সম্পদ থাকলে তা সহজে বাতিল করা যায় না।

১৬। **হস্ত মজুদ তহবিল ঃ** পরিদর্শন তারিখে সমিতিতে হস্ত মজুদ তহবিলের পরিমান ০০/- টাকা । যা দেখে সন্তোষ প্রকাশ করা হলো ।

১৭। সাধারণ উন্নয়ন পরামর্শ:

সমবায় অধিদপ্তরের প্রশাসন শাখার স্মারক নং ১৬২৫(৭০) তারিখ ০৩/১২/২০২০ইং মূলে চাঁপাইনবাবগঞ্জ জেলা সমবায় কার্যালয় পরিদর্শন ও সে জেলার আওতায় একটি সমবায় সমিতি পরিদর্শনের নির্দেশ প্রদান করা হয়। উক্ত নির্দেশের প্রেক্ষিতে উপরে বর্ণিত উপররাজারামপুর কল্যাণী মহিলা সমবায় সমিতিটি পরিদর্শন করা হয়। বড়ই সৌভাগ্যের বিষয় যে, আগে থেকেই পরিদর্শনের তারিখ ২২/১২/২০২০ইং তাদের বার্ষিক সাধারণ সভার তারিখ ধার্য ছিল। পরিদর্শনকারী কর্মকর্তা এবং একই সঙ্গে বার্ষিক সাধারণ সভায় আমন্ত্রিত অতিথি হিসেবে সমিতিতে যাই, পরিদর্শন করি এবং সাধারণ সভায় অংশ গ্রহণ করি। সমিতির কার্যক্রম পরিদর্শন শেষে সাধারণ সভায় সমিতির কার্যক্রম বৃদ্ধি করার লক্ষ্যে মোটিভেশনাল বক্তব্য প্রদান করা হয় এবং বক্তব্যে উপস্থাপিত বিষয় বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করার জন্য সমিতির বর্তমান ব্যবস্থাপনা কমিটি, উপজেলা সমবায় অফিসার এবং জেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। বক্তব্যে বলা হয়-

"সংঘবদ্ধ হয়ে বাচার চেষ্টাই সমবায়। সমবায়ের মাধ্যমে আত্মকর্মসংস্থান করতে হবে। সমিতিকে কাজে লাগাতে হবে। সমিতির কার্যক্রম থাকবে। কার্যক্রম বলতে দু'টি-১) সমিতির নিজে আর্থিক কার্যক্রম করবে, তাতে সকল সদস্য সেখানে জীবিকা করে খাবে। অথবা ২) সদস্যগণ আর্থিক কার্যক্রম করবে, সমিতি তাদের ব্যবসায় বা কার্যক্রমে অংশিদার হবে। সমিতি সদস্যদের জন্য সুবিধা সৃষ্টি করবে, সে সুবিধার আর্থিক মূল্য সমিতি ও সদস্য ভাগাভাগি করে নিবে। দু'টি বিষয় বোঝার জন্য পৃথক দুটি উদাহরণ দেয়া যায়। ১) সমিতি তার নিজস্ব মূলধন বা কার্যকর মূলধন (হাওলাত/ঋণ সহ) দিয়ে এমন এক কারবার করবে যাতে সদস্যগণ সেখানে তাদের কর্ম করে খেতে পারে, জীবিকা পায়। শ্রমিক শ্রেণির জন্য (ধরি) ইট ভাটা, মৎস্যজীবীর জন্য (ধরি) বড় জলা (দীঘি/নদী/বিল) ইজারা নিয়ে সকল সদস্য মিলে সেখানে কাজ করা, মহিলা সমিতির জন্য কোন হস্তশিল্প ধরনের উদ্যোগ গ্রহণ।সমিতির

সদস্যদের কাজে সহযোগিতা করবে, সুবিধা সৃষ্টি করবে, সে সুবিধা সমিতি ও সদস্য উভয়ের জন্য লাভজনক। এমন নয় যে সমিতি একটি সিন্ডিকেট তৈরি করবে, সদস্যগণ সেখানে পণ্য দিতে বা তার সাথে ব্যবসা করতে বাধ্য। বরং সদস্যের জন্য সমিতি লাভজনক সুবিধা সৃষ্টি করবে, যাতে সদস্যগণ লাভের আশায় অন্য প্রতিষ্ঠানের বদলে নিজ প্রতিষ্ঠানে আকৃষ্ট হবে। উদাহরণ হিসেবে বলা যায়-হাঁস-মুরগী খামারি সমিতির ক্ষেত্রে প্রত্যেক খামারী খাদ্য-ওষুধ কেনে, ডিম-মুরগী বিক্রি করে, তাদের প্রত্যেককে আলাদা আলাদা কেনাকাটা করতে হয়, বাজারে যেতে হয়। এ ক্ষেত্রে সমিতি সদস্যদের চাহিদা মোতাবেক খাদ্য-ওষুধ এনে দিতে পারে, সকলের ডিম বাজারে নিয়ে বিক্রি করা বা পৌছে দিতে পারে। এতে ১০ জন খামারীর শ্রম সাশ্রয় হবে, ভাড়া সাশ্রয় হবে। অন্তত সে টাকা ভাগাভাগি করে নিলে খামারীর লাভ, সমিতিরও লাভ। কার্যক্রম বড় হলে তাদের চাহিদা মোতাবেক মিল ভাড়া নিয়ে খাদ্য উৎপাদন করতে বা আরো বড় হলে নিজেরাই মিল স্থাপন করতে পারে। অনুরূপ দুগ্ধ খামারীর জন্যও। সমিতি তাদের বিপদের দিনে দুধ সংরক্ষণ অথবা দুধ থেকে পাকা মাল (ছানা, মাখন, ঘি) তৈরি করতে পারে। এ মহিলা সমিতির জন্য দুটি উদাহরণ এমন হতে পারে যে, সমিতি নিজ উদ্যোগে বাটিক-বুটিক বা হস্তশিল্পের (গার্মেন্ট) কারবার করবে। প্রশিক্ষিত সদস্যগণ সেখানে কাজ করবে মজুরি পাবে, সমিতি নিজ দায়িত্বে কাঁচামাল উপকরণ দেয়া, পণ্য সংগ্রহ, প্রদর্শন, বিক্রির ব্যবস্থা করবে। অথবা সমিতি সকল সদস্যকে প্রশিক্ষণ দিবে, তাদেরকে ঋণ দিবে, তারা নিজেরা নিজ ব্যবসায় পণ্য তৈরি করবে ও বিক্রি করবে। সমিতি তাদের জন্য প্রশিক্ষণ, ঋণ, উপকরণ বিক্রি, পণ্যের মার্কেটিং করবে। এ সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক সদস্যদের প্রশিক্ষণ চাহিদা গ্রহণ করে তাদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা এবং তাদের হাতে কাজ তুলে দেয়ার পরিকল্পনা গ্রহণ করতে হবে। এ কাজে সরকার পক্ষে জেলা-উপজেলা সমবায় অফিস সমিতিকে সার্বিক সহায়তা প্রদান করবে। এ কার্যক্রমের তদারকি করবে উপজেলা সমবায় অফিসার। আগামী ৩ মাসের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি সমবায় অধিদপ্তরকে অবহিত করবে।"

27/12/2020


মোঃ মোখলেছুর রহমান<br>
যুগ্মনিবন্ধক (সেবা শিল্প)<br>
সমবায় অধিদপ্তর, ঢাকা<br>
ফোন ০২৫৮১৫৫৩৬৩<br>
jr.serviceindustry@coop.gov.bd


স্মারক নং ৪৭.০৬১.০০০০.০৩৩.৩৪.০৩১.২০২০-৫৮(৮) তারিখ ২৭/১২/২০২০

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। দৃষ্টি আকর্ষণ- নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, সমবায় অধিদপ্তর, ঢাকা।

২। অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা), সমবায় অধিদপ্তর, ঢাকা।

৩। যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের কার্যালয়ের স্মারক নং-- তারিখ এর প্রেক্ষিতে।

৪। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, রাজশাহী।

৫। উপনিবন্ধক(প্রশাসন), সমবায় অধিদপ্তর, ঢাকা। স্মারক নং ১৬২৫(৭০) তারিখ ০৩/১২/২০২০ইং এর প্রেক্ষিতে।

৬। জেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ। বাস্তবায়ন প্রতিবেদন দাখিল নিশ্চিতকরণের অনুরোধসহ।

৭। উপজেলা সমবায় অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। বাস্তবায়ন প্রতিবেদন দাখিল নিশ্চিতকরণের অনুরোধসহ।

৮। সভাপতি/সম্পাদক, উপর রাজারামপুর কল্যাণী মহিলা সমবায় সমিতি লিঃ। প্রতিবেদন প্রাপ্তির ১মাসের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিল করার অনুরোধসহ।